

া সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪৯৪

১৪/ সিয়াম (রোজা) (كتاب الصيام)

পরিচ্ছেদঃ ১৫. অবৈধ নয় এমন কাজে রমযান মাসে সফরকারী ব্যক্তির জন্য সাওম পালন করা এবং ইফতার করা উভয়ই জায়েয যদি দুই বা ততোধিক মঞ্জিলের উদ্দেশ্যে সফর করা হয়; অবশ্য সক্ষম ব্যক্তির জন্য সাওম পালন করা উত্তম এবং অক্ষম ব্যক্তির জন্য সাওম হতে বিরত থাকা উত্তম

باب جواز الصوم والفطر في شهر رمضان للمسافر في غير معصية إذا كان سفره مرحلتين فأكثر وأن الأفضل لمن أطاقه بلا ضرر أن يصوم ولمن يشق عليه أن يفطر

আরবী

وَحَدَّثَنَا أَبُو كُرَيْب، حَدَّثَنَا حَفْصُ، عَنْ عَاصِمِ الأَحْوَلِ، عَنْ مُورِّقٍ، عَنْ أَنسٍ، _ رضى الله عنه _ قالَ كَانَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم في سَفَرٍ فَصَامَ بَعْضُ وَأَفْطَرَ بَعْضٌ فَأَفْطَرَ فَصَامَ الْمُفْطِرُونَ وَعَمِلُوا وَضَعَفَ الصَّوَّامُ عَنْ بَعْضِ الْعَمَلِ _ قَالَ _ فَقَالَ فِي ذَهَبَ الْمُفْطِرُونَ وَعَمِلُوا وَضَعَفَ الصَّوَّامُ عَنْ بَعْضِ الْعَمَلِ _ قَالَ _ فَقَالَ فِي ذَلِكَ " ذَهَبَ الْمُفْطِرُونَ الْيَوْمَ بِالأَجْرِ " .

বাংলা

২৪৯৪। আবূ কুরায়ব (রহঃ) ... আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন এক সফরে ছিলেন। তখন কেউ কেউ সাওম (রোযা/রোজা/সিয়াম/ছিয়াম) পালন করলেন আবার কেউ কেউ সাওম ছেড়ে দিলেন। এরপর যারা সাওম ছেড়ে দিয়েছিলেন তারা শক্তিমন্তার সাথে কাজ করলেন এবং সাওম পালনকারী ব্যাক্তিগণ কাজে দুর্বল হয়ে পড়লেন। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আজ সাওম পরিত্যাগকারীরা নেকী অর্জন করে নিল।

English

Anas (Allah be pleased with him) reported that the Messenger of Allah (ﷺ) was journeying (along with his Companions). Some of them had observed the fast whereas the others had broken it. Those who did not fast girded up their loins and worked, but the observers of the fast were too weak to work. Upon this he (the Messenger of Allah) said:



Today the breakers of the fast have gone with the reward.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন